

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
গবেষণা শাখা-৩
www.moa.gov.bd

১২.০০.০০০০.০৬৩. ১২.০০৬.১৫.৩২৭


তারিখ : ০৩/১১/২০১৫ খ্রিঃ
১৯/০৭/১৪২২ বঙ্গাঃ

বিষয় : মুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় পদোন্নতির ক্ষেত্রে ৩০% মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২/১১/২০১৫ তারিখের ১৩৯৫নং স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় পদোন্নতির ক্ষেত্রে ৩০% মুক্তিযোদ্ধাদের জন্য কোটা সংরক্ষণ সংক্রান্ত সংস্থাপন (জনপ্রশাসন) মন্ত্রণালয়ের বরাত দিয়ে জারীকৃত ০৬-০৩-২০০৮ তারিখের সম/২৫/বিবিধ/০৫/২২০৭১ সংখ্যক প্রজ্ঞাপনটি ভিত্তিহীন ও বানোয়াট (কপি সংযুক্ত)। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ ধরনের কোন প্রজ্ঞাপন জারী করা হয়নি। অধিকন্তু এ বিষয়টি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১২.০৬.২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.১৩৬.০৮-৬১৯ পত্রে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২। বিষয়টি সংশ্লিষ্ট উইং-এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থা-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : ০৩ ফর্দ।


০৪/১১/২০১৫ খ্রিঃ

(মো: হেমায়েৎ হুসেন)
যুগ্ম-সচিব
ফোন : ৯৫৬৬৬৩৪
research3503@gmail.com

বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে) :-

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ/সম্প্রসারণ/গবেষণা/পিপিপি), কৃষি মন্ত্রণালয়।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৩. প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৪. অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
(www.mopa.gov.bd)


নং-০৫.১১০.০০০০.০০.০০.১৩৬.০৮- ৬৯৯)

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ
১২ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ মুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় পদোন্নতির ক্ষেত্রে ৩০% মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত সরকারি কোটা অনুসরণ করে পদোন্নতি প্রদান সংক্রান্ত।

সূত্রঃ ইউ. ও নোট নং-০৫.০০.০০০০.১৭০.২২.০৬২.১৩-১৪৭, তারিখঃ ২০/০৫/২০১৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় পদোন্নতির ক্ষেত্রে ৩০% মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত সরকারি কোটা অনুসরণ করে পদোন্নতি প্রদান সংক্রান্ত গত ০৬.০৩.২০০৮ তারিখের সম/২৫/বিবিধ/০৫/-২২০৭১ নং প্রজ্ঞাপনটি জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জারি করা হয়নি। বর্ণিত প্রজ্ঞাপনটি ভিত্তিহীন ও বানোয়াট মর্মে সকল মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করা হলো।


(মোঃ মাসুদুল হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪০২১৮
sasadmin1@mopa.gov.bd

উপসচিব
বিধি-১ শাখা
জনপ্রশাসন মন্ত্রণালয়।

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
৪. রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
৫. মহা-পরিচালক, বিসিএস (প্রশাসন) একাডেমী, শাহবাগ, ঢাকা।
৬. পরিবহণ কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৭. মহা-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৮. মহা-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৯. মহা-পরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইস্কাটন, ঢাকা।
১০. অফিস কপি/মাষ্টার ফাইল/গার্ড ফাইল।

সংসদ জাওয়া বাংলাদেশ সরকার
সংসদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং- সম/২৫/বিবিধ/০৫/-২২০৭১

তারিখ : ০৬-০৩-২০০৮ইং

প্রজ্ঞাপন

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রস্তাবিত সুপারিশের আলোকে আঞ্জমন্ত্রণালয় সভায় প্রকৃতঃ মুক্তিযোদ্ধা কর্মরত সরকারী কর্মকর্তা / কর্মচারীদের বিভাগীয় পদোন্নতি প্রদানের জন্য নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বিধায় বর্ণিত শর্তে সংশ্লিষ্ট সকলকে বিভাগীয় পদোন্নতির ক্ষেত্রে তা যথাযথ ভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। সরকারী চাকরীতে কর্মরত প্রকৃতঃ মুক্তিযোদ্ধা কর্মকর্তা / কর্মচারীদের বিভাগীয় পদোন্নতির ক্ষেত্রে ৩০% মুক্তিযোদ্ধাদের জন্য সংশ্লিষ্ট সরকারী কোটা প্রথা অনুসরণ করতে হবে।
- ২। বিভাগীয় পদোন্নতি প্রদানের ক্ষেত্রে সকল বিধি বিধান অনুসরণ করে যে কোন একটি বিষয় শিথিল করে সরকারী চাকরীতে কর্মরত প্রকৃতঃ মুক্তিযোদ্ধা কর্মকর্তা / কর্মচারীদের বিভাগীয় পদোন্নতি প্রদান করা যাবে।
- ৩। ইতিপূর্বে কোন প্রতিষ্ঠান কর্মরত প্রকৃতঃ মুক্তিযোদ্ধাদের যে কোন নিয়ম নীতির আনোকে বিভাগীয় পদোন্নতি প্রদান করে থাকলে তা বলবৎ থাকবে এবং প্রতিষ্ঠানের শৃংখলা রক্ষার স্বার্থে ভবিষ্যতেও একই নিয়ম নীতির আলোকে তা অব্যাহত থাকবে।
- ৪। কেবলমাত্র মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সনদ পত্র প্রাপ্ত এবং সরকারী গেজেট তালিকায় নাম অর্জিত সরকারী চাকরীতে কর্মরত প্রকৃতঃ মুক্তিযোদ্ধাগণই শুধুমাত্র এ সুযোগ সুবিধা প্রাপ্ত হবেন।

স্বাক্ষরিত/-

০৬/০৩/০৮

(মোঃ মফিজুল হক)

উপ-সচিব (প্রশাসন)।”